দৈনিক ইত্তেফাক 278
তারিখ AUG 10 1999 পৃঃ ৪ কলাম ৩

## শিক্ষামন্ত্রী সমীপে

গত ২৮শে জুন ঢাকা বোর্ডের পরীক্ষা কমিটির সভায় সিদ্ধান্ত নেওয়া হয় যে, এস,এস,সি ও এইচ,এস,সি পরীক্ষায় এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীদের পরবর্তী বৎসর ঐ এক বিষয়ে পরীক্ষা দিতে পারিবে এবং ঐ বিষয়ে প্রাপ্ত নম্বর আগের বৎসরের অন্যান্য বিষয়ে প্রাপ্ত মোট নম্বরের সহিত যোগ করিয়া বিভাগসহ অর্থাৎ প্রথম বিভাগ, দ্বিতীয় বিভাগ ও তৃতীয় বিভাগসহ ফলাফল প্রকাশ করা হইবে। এই সুযোগ পাইবে কেবল চলতি বৎসরের এস,এস,সি ও এইচ,এস,সি পরীক্ষা যাহারা অকৃতকার্য হইবে তাহারা! এই উদ্যোগ নিঃসন্দেহে প্রশংসার যোগ্য। কিন্তু অতীব দুঃখের বিষয়, গত বৎসর যে সকল পরীক্ষার্থী এক বিষয়ে ফেল করিয়াছে এবং এই বৎসরের শুধু ঐ এক বিষয়ে পরীক্ষায় দিয়াছে তাহাদের কোন বিভাগ দেওয়া হইবে না। তাহাদের সার্টিফিকেটে 'বিশেষ পাস' লেখা থাকিবে। একই দেশে এই দুই ধরনের নীতি কতটা গ্রহণযোগ্য সে বিষয়ে প্রশ্ন ওঠা স্বাভাবিক। আর 'বিশেষ পাস' সার্টিফিকেট বোর্ড হইতে দেওয়া হইবে বলিয়া আমার মত অনেক আর্থিক অভাবগ্রস্ত অভিভাবক তাহাদের সন্তানদের চলতি বৎসর এস,এস,সি ও এইচ,এস,সিতে এক বিষয়ে পরীক্ষা দেওয়া হইতে বিরত রাখিয়াছেন। গত বৎসর যাহারা এক বিষয়ে ফেল করিয়াছে কিন্তু চলতি বৎসর এস,এস,সি ও এইচ,এস,সি পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তাহাদের যদি মানবিক দিক বিবেচনা করিয়া ২০০০ সালে পরীক্ষা দেওয়ার ব্যবস্থা করানো হয় এবং সেই সাথে বিভাগসহ পাস দেওয়া হয় তাহা হইলে ঢাকা বোর্ডের ঐ পরীক্ষা কমিটির উদ্যোগ কি কম গুরুত্বের দাবী রাখিবে? বিষয়টির প্রতি মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

**মোঃ মনির হোসেন,**
গ্রাম-নর্থ চ্যানেল,
ডাক-গেন্দুমোল্যার হাট,
জেলা-ফরিদপুর।